

ইসলামী বিশ্ববিদ্যালয়

বিজ্ঞান অনুষদ খোলা
অনিশ্চিত হয়ে পড়েছে

ইসলামী বিশ্ববিদ্যালয়, ২৮শে জুলাই (নিজস্ব সংবাদদাতা)।- ইসলামী বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদে নতুন বিষয় খোলার জন্য গৃহীত সিদ্ধান্ত বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের অনুমোদনের অভাবে দুই বছরেও কার্যকরী হয়নি। ইতিমধ্যে দুইবার বিজ্ঞান অনুষদে বেশ কয়েকটি বিষয় সিডিকোট কর্তৃক চূড়ান্ত হলেও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন আর্থিক সমস্যাতে অল্পহাতে অনুমোদন করেনি বলে জানা গেছে। বার বার প্রস্তাব নাকচ করার পর বিজ্ঞান অনুষদ খোলা সংক্রান্ত কমিটি হতাশা এবং সদস্যদের মধ্যে পারস্পরিক মতভেদের কারণে বর্তমানে বিষয় নির্ধারণ নিয়ে অনিশ্চয়তায় পড়েছে। গত ৭৯৯৩ বিশ্ববিদ্যালয়ের সিডিকোট সভায় অপেক্ষাকৃত কম ব্যয়বহুল ছয়টি বিষয় খোলার সিদ্ধান্ত নিলেও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের অনুমোদনের অভাবে সেগুলো স্থগিত হয়ে যায়। পরে অত্যাধুনিক তিনটি বিষয় যথাক্রমে এপ্রাইড ইলেক্ট্রনিক্স এন্ড ফিজিক্স, এপ্রাইড ম্যাথমেটিক্স এন্ড কম্পিউটার সাইন্স ও এপ্রাইড কেমিস্ট্রি এন্ড কেমিক্যাল সায়েন্স খোলার জন্য ২৯শে অক্টোবর '৯৪ বিশ্ববিদ্যালয়ের ১০৩তম সিডিকোট সভায় সিদ্ধান্ত হয়; কিন্তু মঞ্জুরি কমিশন কর্তৃক সেটাও নাকচ হয়ে যায়।

নাম প্রকাশে অনিচ্ছুক একজন একাডেমিক কাউন্সিলের সদস্য জানান, অনেক সদস্যই এ বিষয় খোলার বিরোধিতা করছেন কারণ, এত অত্যাধুনিক বিষয় পড়ানোর জন্য শিক্ষক পাওয়া যেমন দুস্কর, তেমনি এই অনুষদের প্রডাক্ট (ছাত্রছাত্রী) কর্মসংস্থানের সুযোগও পাবে না।